ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৭৮ ● কলকাতা ● ০৮ চৈত্র, ১৪৩১ ● শনিবার ● ২২ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## জামিন পেয়েও শান্তি নেই! এবার নালিশ ঠুকতে আদালতে ছুটলেন কালীঘাটের কাকু!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেফতার হয়েছিলেন সুজয়কৃষ্ণ ভদ্র । কালীঘাটের কাকু নামেই অধিক পরিচিত তিনি। মাসখানেক আগে সিবিআইয়ের মামলায় আদালত থেকে অন্তর্বর্তী জামিন পেয়েছেন। শীঘ্রই সেই জামিনের মেয়াদ শেষ হওয়ার কথা।সুজয়কৃষ্ণের অভিযোগ, সিবিআই কেন্দ্রীয় বাহিনীকে আদালতের

এরপর ৩ পৃষ্ঠায়


# রাহুল গান্ধীর বিরুদ্ধে দেশদ্রোহিতার মামলা, সমন পাঠাল উত্তরপ্রদেশ ও অসমের আদালত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কংগ্রেসের লড়াই শুধু বিজেপি বা আরএসএসের বিরুদ্ধে নয়। কংগ্রেসের লড়াইটা গোটা রাষ্ট্রশক্তির বিরুদ্ধে! কংগ্রেস কর্মীদের এক সম্মেলনে অত্যুৎসাহে বলে ফেলেছিলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। এখন সেই মন্তব্যের জন্য আইনি বিপাকে পড়তে হচ্ছে রাহুলকে। কংগ্রেস নেতার বিরুদ্ধে দুই বিজেপি শাসিত রাজ্যে জোড়া মামলা দায়ের হয়েছে।জোড়া মামলা দায়ের হওয়ার পর ফের আসরে বিজেপি। গেরুয়া শিবিরের দাবি, রাহুল গান্ধী যা বলেন সবটাই জর্জ সোরেসের মতো দেশবিরোধীদের শেখানো বুলিই বলেন। তাতে অতিষ্ঠ হয়েছে আমজনতা তাঁর বিরুদ্ধে মামলা করছে। যদিও কংগ্রেস খুব একটা গুরুত্ব দিচ্ছে না মামলাগুলিকে। কংগ্রেসের দাবি রাহুল গান্ধীর বিরুদ্ধে এর আগেও বহু রাজ্যে বহু মামলা দায়ের হয়েছে। এই নিয়ে মোট ৩০টি মামলা দায়ের হল কংগ্রেস নেতার বিরুদ্ধে।দুই

এরপর ৩ পাতায়






# ইউসুফ পাঠানের ইফতার পার্টিতে 'চাঁদের হাট'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**দিল্লী:-** পবিত্র রমজান মাস চলেছে। সামনেই খুশির ঈদ। এই অবস্থায় বিভিন্ন জায়গায় চলেছে ইফতার পার্টি। এদিকে সামনেই বিধানসভা নির্বাচন। স্বাভাবিক কারণেই রাজনৈতিক প্রচারে চলে এসেছে ইফতার পার্টি। এই পরিস্থিতিতেই দিল্লিতে তৃণমূলের জায়েন্ট কিলার সাংসদ ইউসুফ পাঠান দিয়েছিলেন ইফতার পার্টি। এদিনের ইফতার পার্টিতে বসল চাঁদের হাট। অখিলেশ যাদব থেকে লালু প্রসাদের মেয়ে, বাদ গেলেন না কেউই। বৃহস্পতিবার সন্ধ্যায় দিল্লিতে আর এক প্রাক্তন বিশ্বকাপ জয়ী ক্রিকেটার তথা তৃণমূল সাংসদ কীর্তি আজাদের বাসভবনে ইফতারের আয়োজন করেছিলেন ইউসুফ। সেই ইফতারে যোগ দিলেন ইন্ডিয়া জোট শরিক সমাজবাদী পার্টি সুপ্রিমো অখিলেশ যাদব, লালু প্রসাদ যাদবের কন্যা আরজেডির মিসা ভারতী থেকে শুরু করে কংগ্রেস সাংসদ ঈশা খান চৌধুরি, ইমরান প্রতাপ গড়িও। ছিলেন কংগ্রেস, সমাজবাদী পার্টি, আরজেডি, বিজেডি-সহ বিরোধী শিবিরের একাধিক সাংসদ, নেতা।এছাড়াও ছিলেন তৃণমূলের মহুয়া মৈত্র থেকে সৌগত রায়দের। মৈথিলী ব্রাহ্মণ কীর্তির আঙিনায় বসেই এদিন রোজা ভাঙেন ইউসুফ-সহ বাকি সকলে। সন্ধ্যার নামাজও হয় ওই উঠোনেই। উৎসবের আবহে এই ইফতার পার্টি নিয়ে এখন জোর চর্চা দিল্লি থেকে বঙ্গ রাজনীতির আঙিনায়। সব মিলিয়ে প্রচুর মানুষের ভিড় ছিল সেই অনুষ্ঠানে।

# রক্ষকই ভক্ষক, বিচারপতির বাড়িতে টাকার পাহাড়! উদ্ধার হতেই বড় পদক্ষেপ সুপ্রিম কোর্টের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**নয়াদিল্লি:** যার হাতে আইনরক্ষার ভার, তিনিই কিনা দুর্নীতিতে বিদ্ধ! খোদ বিচারপতির বাড়িতেই উদ্ধার টাকার পাহাড়। মিলল না হিসাবও। দিল্লি হাই কোর্টের অভিযুক্ত ওই বিচারপতিকে বদলির নির্দেশ দিল সুপ্রিম কোর্ট।

ওই কমিটির বিচারপতিদের মধ্যে কেউ কেউ আরও কঠোর শাস্তির পক্ষে সওয়াল করেন। তাঁদের যুক্তি, এভাবে

এরপর ৪ পাতায়

# এইবারে দক্ষিণ কলকাতায় হলুদ পতাকার ছয়লাভ

**বেবি চক্রবর্তী: কলকাতা**

বছর ঘুরলেই ছাব্বিশের নির্বাচন। হাতে মাত্র একবছর সময়। এই সময়টা যে কোন রাজনৈতিক দলের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেই মনে করেন রাজনৈতিক বিশেষজ্ঞরা। ভোটের ময়দানে সেই 'প্রেস্টিজ ফাইট'-এর আগে এবার আরও একবার স্বমহিমায় ফিরলেন তৃণমূলের 'সেকেন্ড-ইন-কমান্ড' তথা দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।গত শনিবারের ভার্চুয়াল বৈঠক থেকেই তৃণমূল সেনাপতির ফুল ফর্মে ফেরার আভাস মিলেছিল। বিদেশ সফরে যাওয়ার আগে অভিষেকের কাঁধে 'গুরু দায়িত্ব' তুলে দিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি লন্ডন সফরে থাকাকালীন আগামী ২৩ মার্চ ভোটের রণকৌশল ঠিক করতে বৈঠকে বসছেন তৃণমূলের সোশ্যাল মিডিয়ার সৈনিকরা। জানা যাচ্ছে, ছাব্বিশের ভোটের রণকৌশল তৈরিতে গাঙ্গুলিবাগান এলাকায় তৃণমূলের সোশ্যাল মিডিয়া সৈনিকদের তরফ থেকে একটি বৈঠক ডাকা হয়েছে। তার আগেই দক্ষিণ কলকাতা জুড়ে ছেয়ে গিয়েছে উজ্জ্বল হলুদ রঙের পতাকা। সেই পতাকায় কালো কালিতে লেখা হয়েছে,'অধিনায়ক অভিষেক'। অভিষেকের নামে এই হলুদ পতাকা দেখে ব্যাপক জল্পনা তৈরি হয়েছে বিভিন্ন মহলে। বিষয়টা ঠিক কি? এপ্রসঙ্গে তৃণমূলের আইটি সেলের প্রধান দেবাংশু ভট্টাচার্য সংবাদমাধ্যমে জানিয়েছেন,'সোশ্যাল মিডিয়ায় তৃণমূলের সমর্থক গ্রুপগুলির মধ্যে অন্যতম ফ্যাম। ওদেরই সংগঠনেরই একটি শাখা অধিনায়ক অভিষেক। তাই এই পতাকা।প্রসঙ্গত বেশ কয়েক মাস আগে নবীন-প্রবীণ দ্বন্দ্বের জেরে তৃণমূলের দুই হাইকমান্ডের মতবিরোধ নিয়ে দলের অন্দরে তৈরী হয়েছিল ব্যাপক জল্পনা। একাংশের দাবি ছিল স্বয়ং মুখ্যমন্ত্রীর সাথে ফাটল ধরতে শুরু করেছিল অভিষেকের সম্পর্ক। যদিও সমস্ত জল্পনায় জল ঢেলে দিয়েছেন অভিষেক-মমতা দুজনেই। কোনো জল্পনায় কান না দিয়ে আপাতত ভোটের ময়দানে সর্বস্ব দিয়ে ঝাঁপিয়ে পড়েছেন দলের দুই মাথা।খোদ মুখ্যমন্ত্রী নিজেই বুঝিয়ে দিয়েছেন দলের 'সেকেন্ড ইন কমান্ড' আসলে কে! তাই তো আগামীকাল থেকে পরবর্তী ৭ দিন লন্ডন সফরে যাওয়ার আগে দলের রাশ 'যৌথভাবে' তুলে দিয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং সুব্রত বক্সির উপর। প্রসঙ্গত কিছুদিন আগে একটি বৈঠক থেকে অভিষেককে 'আমাদের নেতা' বলে সম্বোধন করেছিলেন সুব্রত বক্সিও।







(১ম পাতার পর)

# জামিন পেয়েও শান্তি নেই! এবার নালিশ ঠুকতে আদালতে ছুটলেন কালীঘাটের কাকু!

নির্দেশের পরোয়া না করে হাতিয়ার হিসেবে ব্যবহার করছে। তিনি বলেন, নির্দেশ অনুসারে কেন্দ্রীয় বাহিনীকে তাঁর বাড়ির বাইরে থাকতে বলা হয়েছিল। কিন্তু রোজ রাতে তাঁরা বাড়ির দোতলার শোবার ঘর ব্যবহার করছে। এমনকি যখন ইচ্ছা বাড়ির নানান সুবিধা ব্যবহার করছেন তাঁরা।

বাড়ি থেকে বেরিয়েও অবশ্য শান্তি নেই! কালীঘাটের কাকুর অভিযোগ, হাসপাতালে গেলেও সেখানে পিছু পিছু উপস্থিত হচ্ছে কেন্দ্রীয় বাহিনী। হাসপাতালে ঘরে কারা আসছেন যাচ্ছেন, সেটাও রেজিস্টার ধরে ধরে নজরে রাখছেন বলে অভিযোগ তুলেছেন তিনি।তবে তার আগেই আদালতের দ্বারস্থ হলেন 'কাকু'। বাড়ি দখল নেওয়ার অভিযোগ তুলে নালিশ ঠুকেছেন তিনি।

দীর্ঘ টানাপড়েন শেষে সিবিআইয়ের মামলায় অন্তর্বর্তী জামিন পেয়েছিলেন কালীঘাটের কাকু। শারীরিক অবস্থাকে 'ঢাল' করে এই জামিন পান তিনি। তবে একাধিক শর্ত বেঁধে দেয় আদালত। বিচারপতি বলেন, নিতান্তই চিকিৎসা সংক্রান্ত প্রয়োজন ছাড়া সুজয়কৃষ্ণ কোনও ভাবেই নিজের বাড়ির বাইরে বেরোতে পারবেন না। তাঁর দু'টি মোবাইল নম্বর কেন্দ্রীয় এজেন্সিকে দিতে হবে। সেই সঙ্গেই তাঁর সঙ্গে 'জুড়ে' দেওয়া হয় কেন্দ্রীয় বাহিনী।

মার্চ মাসের শেষ অবধি কালীঘাটের কাকুকে অন্তর্বর্তী জামিন দিয়েছিল আদালত। সেই মেয়াদ শেষ হতে বেশিদিন বাকি নেই। তার আগেই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন তাঁর আইনজীবী। অন্তর্বর্তী জামিনের মেয়াদ বৃদ্ধির আবেদন জানানোর পাশাপাশি কেন্দ্রীয় বাহিনীর ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন কালীঘাটের কাকু।

(১ম পাতার পর)

# রাহুল গান্ধীর বিরুদ্ধে দেশদ্রোহিতার মামলা, সমন পাঠাল উত্তরপ্রদেশ ও অসমের আদালত

রাজ্য থেকেই আইনি নোটিস পেয়েছেন রাহুল।

রাহুলের বিরুদ্ধে একটি মামলা দায়ের হয়েছে বিজেপি শাসিত অসমের গুয়াহাটিতে। আর একটি মামলা দায়ের হয়েছে উত্তরপ্রদেশের সম্ভলে। গুয়াহাটিতে দায়ের হওয়া মামলায় অভিযোগ করা হয়েছে, রাহুল যা বলেছেন সেটা উগ্রপন্থীদের উসকানি দেওয়ার শামিল। ওই মামলাটি জামিন অযোগ্য ধারায় দায়ের হওয়া। সেই মামলা গৃহীত হলে রাহুলকে ফের জেলে জেতে হতে পারে। আর উত্তরপ্রদেশের সম্ভলের একটি এমপি-এমএলএ কোর্টেও রাহুলের বিরুদ্ধে মামলা হয়েছে। সেই মামলাতেও রাহুলকে নোটিস পাঠিয়েছে আদালত। সম্ভলের আদালত আগামী ৪ এপ্রিলের মধ্যে রাহুলকে ওই নোটিসের জবাব দিতে বলেছে। নাহলে ৪ তারিখ সশরীরে হাজিরা দিতে হবে কংগ্রেস নেতাকে।

# জনস্বাস্থ্য ব্যবস্থায় কৃত্রিম মেধার ব্যবহার নিয়ে সরকার গৃহীত ব্যবস্থাসমূহ

**নয়াদিল্লি, ২১ মার্চ, ২০২৫**

দেশজুড়ে জনস্বাস্থ্য ব্যবস্থায় রূপান্তরমূলক পরিবর্তন আনতে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক কৃত্রিম মেধার প্রসার ঘটাচ্ছে। দিল্লির এইমস, চণ্ডীগড়ের পিজিআইএমইআর এবং ঋষিকেশের এইমসকে মন্ত্রক কৃত্রিম মেধার উৎকর্ষকেন্দ্র হিসেবে চিহ্নিত করেছে। এর লক্ষ্য হল, স্বাস্থ্যক্ষেত্রে কৃত্রিম মেধার প্রসার ঘটিয়ে সমাধানসূত্রের দিশানির্দেশ। স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক রোগ নির্ণয় সহায়ক ব্যবস্থার কৃত্রিম মেধা-ভিত্তিক সমাধানসূত্রে ই-সঞ্জীবনী নিয়ে এসেছে।

সংক্রামক রোগের ক্ষেত্রে কৃত্রিম মেধার মাধ্যমে দেশজুড়ে প্রকাশিত এ সংক্রান্ত সংবাদ সংগ্রহ করে তা বিভিন্ন জেলায় পাঠানো হয় যাতে প্রাথমিক অবস্থাতেই রোগ নির্ণয় করা যায় এবং প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া যায়। ২০২২ সালের এপ্রিল মাস থেকে ৪,৫০০ এই জাতীয় সতর্কবার্তা প্রকাশিত হয়েছে যার ফলে রোগ ছড়িয়ে পড়া প্রতিরোধ করা গেছে এবং মৃত্যুহার কমেছে। জাতীয় টেলি-মেডিসিন মঞ্চ যা ই-সঞ্জীবনী নামে পরিচিত, তাতে রোগ নির্ণয়ে কৃত্রিম মেধা-ভিত্তিক সহায়ক ব্যবস্থাকে যুক্ত করা হয়েছে। এতে চিকিৎসা সংক্রান্ত গুণগত মান, রোগীদের অভিযোগের ভিত্তিতে কৃত্রিম মেধা-ভিত্তিক রোগ নির্ণয় সমাধানসূত্র দেওয়া হয়েছে। ই-সঞ্জীবনীর মাধ্যমে ১৯ কোটি ৬০ লক্ষ পরামর্শ দেওয়া হয়েছে যার মধ্যে ১ কোটি ২০ লক্ষ পরামর্শ

এরপর ৬ পাতায়

# উন্নয়নের কাজে 'বাধা', তৃণমূল কাউন্সিলরকে ঘিরে বিক্ষোভ,



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

উন্নয়নের কাজে বাধা দেওয়ার অভিযোগ। নদিয়ার গয়েশপুর পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলরকে ঘিরে বিক্ষোভ। কাউন্সিলরের সামনেই জুতো দিয়ে দুই তৃণমূল কর্মীকে মারধর করা হয় বলেও অভিযোগ। অশান্তির জেরে মোট দু'জন জখম হন। এই ঘটনাকে কেন্দ্র করে গয়েশপুরে তুলকালাম।স্থানীয়দের সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন। কাউন্সিলরের উপস্থিতিতে এক তৃণমূল কর্মীকে জুতো দিয়ে মারধর করা হয় বলেও অভিযোগ। স্থানীয়দের অভিযোগ, কাউন্সিলর স্বপ্না অধিকারী কাটমানি পাননি বলেই কাজ বন্ধ করতে চান। যদিও এই অভিযোগ অস্বীকার করেছেন কাউন্সিলর স্বপ্না অধিকারী। তাঁর অভিযোগ, না জানিয়ে অবৈধভাবে তাঁর ওয়ার্ডে কাজ হচ্ছে। সে কারণেই প্রতিবাদ করেন। অভিযোগ, ভুল বুঝে বেশ কয়েকজন তাঁর উপর চড়াও হয়। এই ঘটনায় কাউন্সিলর 'ঘনিষ্ঠ' হোসেন এবং প্রসেনজিৎ সরকার আক্রান্ত হন।

গয়েশপুর ফাঁড়ির বিশাল পুলিশবাহিনী পরিস্থিতি সামাল দেয়। যাতে আর নতুন করে কোনও অশান্তি না হয়, তাই এলাকায় অতিরিক্ত পুলিশবাহিনী মোতায়েন করা হয়েছে।তৃণমূল বুথ সভাপতি পার্থপ্রতীম কর বলেন, 'গয়েশপুর পুরসভার ১৭ এবং ১৮ নম্বর ওয়ার্ডের সংযোগস্থলে ঝিলপাড় এলাকায় গান্ধী হাসপাতাল এবং টিবি হাসপাতাল লাগোয়া রাস্তায় দীর্ঘদিন আলোর ব্যবস্থা নেই। ১৭ নম্বর ওয়ার্ডে উন্নয়ন হলেও, ১৮ নম্বর ওয়ার্ডে কোনও কাজ হচ্ছে না বলেই অভিযোগ। ১৮ নম্বর ওয়ার্ডে বর্তমানে পুর চেয়ারম্যান সুকান্ত চট্টোপাধ্যায় ফুটপাথ এবং আলোর বন্দোবস্ত করেছেন।" শুক্রবার সকালে ওই কাজ শুরু হয়। সে খবর পাওয়ামাত্রই কাউন্সিলর স্বপ্না

এরপর ৬ পাতায়

# সম্পাদকীয়

## ডেরেকের সঙ্গে আলোচনা সোনিয়ার

সংসদে সমন্বয় আরও মজবুত হল কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের মধ্যে। বুধবার রাজ্যসভায় তৃণমূলের সঙ্গে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর সংঘাত পর্বের বর্ণনা সোনিয়া গান্ধী শুনলেন তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও ব্রায়ানের সঙ্গে এক টেবিলে কফি খেতে খেতে। রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়্গের ঘরে সেই বৈঠক চলল বেশ কিছুক্ষণ।

উল্লেখ্য, একদিন আগেই প্রদেশ কংগ্রেস নেতাদের সঙ্গে বৈঠকে কংগ্রেস নেতৃত্ব জানিয়ে দেয় কেন্দ্রীয় স্তরে তৃণমূলের সঙ্গে সমন্বয় বাড়তেই পারে। তবে সেটার সঙ্গে রাজ্য রাজনীতির কোনও যোগ নেই। রাজ্যে কংগ্রেসকে শক্তিশালী করতে যা করার সেটাই প্রদেশ নেতৃত্বের করা উচিত। তৃণমূল সূত্রও বলছে, বুধবারের দিল্লির আলোচনার সঙ্গে রাজ্য রাজনীতির কোনও যোগ নেই।সূত্রের খবর, সংসদে তৃণমূলের সঙ্গে কংগ্রেসের সমন্বয় নিয়েই সোনিয়া-ডেরেকর মধ্যে কথা হয়েছে। রাজ্যসভায় আগামী দিনে তৃণমূলের আরেক সাংসদ দোলা সেনও যে শাহকে আক্রমণ করবেন, সেই বিষয়টিও আলোচনা হয়েছে বলেই জানা গিয়েছে। আসলে বুধবার যখন তৃণমূল সাংসদ সাকেত গোখলের সঙ্গে অমিত শাহর বাক বিতণ্ডা হয়, সেসময় সংসদে ছিলেন না তাই ঘটনাটি ঠিক কী হয়েছিল, সেটা জানার জন্যই ডেরেকের সঙ্গে কথা বলেন তিনি। তাছাড়া আগামী দিনে জাতীয় স্তরে বা সংসদে কীভাবে সমন্বয় সাধন করা হবে তা নিয়েও আলোচনা হয়।

তবে এই আলোচনা মোটেই মল্লিকার্জুন খাড়্গের ডাকা রুটিন বৈঠক ছিল না। রাজ্যসভার দলনেতা সাধারণত অধিবেশনের দিন সকালে নিজের ঘরে অন্য দলের দলনেতাদের সঙ্গে প্রায় প্রতিদিন বৈঠক করেন সমন্বয় সাধণের জন্য। তৃণমূল সচরাচর সেই বৈঠকে যোগ দেয় না। তৃণমূল সূত্রের খবর, খাড়্গের ডাকা সরকারি বৈঠক এটা নয়। যেহেতু সাকেতের সঙ্গে রাজ্যসভায় শাহের বিতণ্ডা হয়, তাই রাজ্যসভার বিরোধী দলনেতা হিসাবে খাড়্গের সঙ্গে এ নিয়ে কথা বলতে গিয়েছিলেন ডেরেক। সেখানেই দেখা হয় সোনিয়ার সঙ্গে।

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)



তিনি। শুধু তো মন্দির প্রতিষ্ঠা করলেই হবে না। তার নিত্যপূজাও দরকার। তাই জয়দত্ত কাছেই মহুলা গ্রামের এক ব্রাহ্মণকে নিত্যপূজার দায়িত্ব দিয়ে বিদায় নেন।তবে বিজ্ঞান গবেষণার উদ্দেশ্য মায়ের মহিমা বিরাজমান, সেটি আমরা নিজে চোখে দেখে আসতে পারি তারাপীঠে গিয়ে ও।তারাপীঠের মহাশ্মশানের দ্বিতীয় রহস্য লুকিয়ে আছে শ্মশান-সংলগ্ন দ্বারকা নদীর জলে। এই নদী উত্তরবাহিনী। অর্থাৎ এর স্রোত বইছে উত্তর দিকে। হিন্দু ধর্মে উত্তরবাহিনী নদী বিশেষ গুরুত্বপূর্ণ। কেন না, ভারতের প্রায় সব নদীই নেমেছে উত্তর দিকে স্থিত হিমালয় থেকে। অতএব, তাদের ধারা কখনই উত্তর অভিমুখী হবে না। হলে তা বইবে উল্টো খাতে। একমাত্র কাশীতে গঙ্গা উত্তরবাহিনী। আর বীরভূমে দ্বারকা। তাই দ্বারকা নদী মহাশক্তির উৎস। এই নদীজলে স্নান করলেই সিদ্ধিলাভের যোগ্যতা অর্জন করেন মানুষ। দূর হয় সব পাপ।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## রক্ষকই ভক্ষক, বিচারপতির বাড়িতে টাকার পাহাড়! উদ্ধার হতেই বড় পদক্ষেপ সুপ্রিম কোর্টের

বিচারপতির বাড়িতে টাকা উদ্ধার হওয়া গোটা বিচারব্যবস্থার বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলে দিতে পারে। যদিও প্রধান বিচারপতি খান্না আপাতত ওই বিচারপতিকে শুধু বদলির নির্দেশ দিয়েছেন।সে সময় বিচারপতি বাড়িতে ছিলেন না। বাড়ির সদস্যরা দমকলে খবর দেন। আগুন নেভাতে গিয়ে দমকল কর্মীরাই বিচারপতির বাড়িতে প্রচুর নগদের হদিশ পান। দমকল কর্মীরাই খবর দেন পুলিশে। কোথা থেকে এল ওই বিপুল নগদ? প্রথমে প্রশ্ন করা হয় পরিবারের সদস্যদের। পরে বিচারপতি বর্মাকেও জিজ্ঞাসাবাদ করা হয়। সূত্রের দাবি, তার কোনও সদুত্তর দিতে পারেননি বিচারপতি বর্মা।

বস্তুত প্রাথমিক তদন্তে পুলিশ সিদ্ধান্তে পৌঁছায় যে ওই টাকা হিসাব বহির্ভূত। বিচারপতির বাড়ি থেকে হিসাববহির্ভূত টাকা উদ্ধারের খবরটি সুপ্রিম কোর্ট ভালো চোখে দেখেনি। বিষয়টি নিয়ে তদন্তের নির্দেশ দেন প্রধান বিচারপতি সঞ্জীব খান্না। সূত্রের খবর, পাঁচ জন বিচারপতিকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছিল। পাঁচ বিচারপতির সেই কমিটি বিচারপতি যশবন্ত বর্মাকে বদলির নির্দেশ দিয়েছেন। এই মুহূর্তে দিল্লিতে কর্মরত ওই বিচারপতিকে এলাহাবাদ হাই কোর্টে বদলির সুপারিশ করা হয়েছে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিন্তু তৃতীয়, ষষ্ঠ বা একাদশ স্থানে এলে তিনি উদার। পঞ্চম বা নবম স্থানে এলে তিনি উদাসীন।সেই কারনে অধিকাংশ মানুষের ধারণা শনিদেব দুঃখদায়ী, সম্পত্তি ও বিত্তনাশক, পীড়াদায়ক, ক্রূর, অশান্তি ও অমঙ্গলকারী গ্রহ।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পশুপ্রেমীকে পিটিয়ে খুন করার দায়ে দশ বছরের জেল

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

নিয়ম করে পথের কুকুরকে খাবার দিতেন। ফলে বাড়ির সামনে সামান্য ক্যাচার ম্যাচার করত অবলা জীবগুলো। আর পথের কুকুরকে এইভাবে খাওয়ার দেওয়াই ছিল অপরাধ। তার জেরে পশুপ্রেমীকে পিটিয়ে খুন করার দায়ে দশ বছরের জেল হেফাজতের নির্দেশ দিল হাওড়া আদালত। এই রায়ের ফলে পশুপ্রেমী সংগঠনগুলি রীতিমতো খুশি।সরকারি আইনজীবী ব্রজেন্দ্র নাথ শাসমল জানান," ২০১৪ সালের ২৫ জুন বাড়ির পাশের রাস্তায় রোজকার মতো পথের কুকুরকে খাবার দিয়েছিলেন হাওড়ার বি গার্ডেন থানা এলাকার দক্ষিণ বাকসাড়ার ঠাকুরপুকুর এলাকার বাসিন্দা বানেশ্বর সাউ(৫৪)।সেই সময়ে প্রতিবেশী শম্ভু বাগ বানেশ্বর বাবুকে গালিগালাজ করে।প্রতিবাদ করলে তাকে পিছন থেকে কাঠের বাটাম জাতীয় কিছু দিয়ে মাথায় মারে। ঘটনাস্থলেই অজ্ঞান হয়ে লুটিয়ে পড়েন বানেশ্বরবাবু।এরপর তাকে হাওড়া জেলা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে






ঘোষনা করেন।এই মামলায় মোট ১৫ জন সাক্ষ্য দেন।হাওড়ার দ্বিতীয় অতিরিক্ত জেলা জজ সোমেশ প্রসাদ সিনহা অভিযুক্ত শম্ভু বাগকে ৩০৪/১ ধারায় অভিযুক্ত করে দশ বছরের জেল,৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ছয় মাস জেলের আদেশ দেন। দেন।নিয়ম করে পথের কুকুরকে খাবার দিতেন। ফলে বাড়ির সামনে সামান্য ক্যাচার ম্যাচার করত অবলা জীবগুলো। আর পথের কুকুরকে এইভাবে খাওয়ার দেওয়াই ছিল অপরাধ। তার জেরে পশুপ্রেমীকে পিটিয়ে খুন করার দায়ে দশ বছরের জেল হেফাজতের নির্দেশ দিল হাওড়া আদালত। এই রায়ের ফলে পশুপ্রেমী সংগঠনগুলি রীতিমতো খুশি।সরকারি আইনজীবী ব্রজেন্দ্র নাথ শাসমল জানান," ২০১৪ সালের ২৫ জুন বাড়ির পাশের রাস্তায় রোজকার মতো পথের কুকুরকে খাবার দিয়েছিলেন হাওড়ার বি গার্ডেন থানা এলাকার দক্ষিণ বাকসাড়ার ঠাকুরপুকুর এলাকার বাসিন্দা বানেশ্বর সাউ(৫৪)।সেই সময়ে প্রতিবেশী শম্ভু বাগ বানেশ্বর বাবুকে গালিগালাজ করে।প্রতিবাদ করলে তাকে পিছন থেকে কাঠের বাটাম জাতীয় কিছু দিয়ে মাথায় মারে। ঘটনাস্থলেই অজ্ঞান হয়ে লুটিয়ে পড়েন বানেশ্বরবাবু।এরপর তাকে হাওড়া জেলা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষনা করেন।এই মামলায় মোট ১৫ জন সাক্ষ্য দেন।হাওড়ার দ্বিতীয় অতিরিক্ত জেলা জজ সোমেশ প্রসাদ সিনহা অভিযুক্ত শম্ভু বাগকে ৩০৪/১ ধারায় অভিযুক্ত করে দশ বছরের জেল,৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ছয় মাস জেলের আদেশ দেন। দেন।নিয়ম করে পথের কুকুরকে খাবার দিতেন। ফলে বাড়ির সামনে সামান্য ক্যাচার ম্যাচার করত অবলা জীবগুলো। আর পথের কুকুরকে এইভাবে খাওয়ার দেওয়াই ছিল অপরাধ। তার জেরে পশুপ্রেমীকে পিটিয়ে খুন করার দায়ে দশ বছরের জেল হেফাজতের নির্দেশ দিল হাওড়া আদালত। এই রায়ের ফলে পশুপ্রেমী সংগঠনগুলি রীতিমতো খুশি।সরকারি আইনজীবী ব্রজেন্দ্র নাথ শাসমল জানান," ২০১৪ সালের ২৫ জুন বাড়ির পাশের রাস্তায় রোজকার মতো পথের কুকুরকে খাবার দিয়েছিলেন হাওড়ার বি গার্ডেন থানা এলাকার দক্ষিণ বাকসাড়ার ঠাকুরপুকুর এলাকার বাসিন্দা বানেশ্বর সাউ(৫৪)।সেই সময়ে প্রতিবেশী শম্ভু বাগ বানেশ্বর বাবুকে গালিগালাজ করে।প্রতিবাদ করলে তাকে পিছন থেকে কাঠের বাটাম জাতীয় কিছু দিয়ে মাথায় মারে। ঘটনাস্থলেই অজ্ঞান হয়ে লুটিয়ে পড়েন বানেশ্বরবাবু।এরপর তাকে হাওড়া জেলা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষনা করেন।এই মামলায় মোট ১৫ জন সাক্ষ্য দেন।হাওড়ার দ্বিতীয় অতিরিক্ত জেলা জজ সোমেশ প্রসাদ সিনহা অভিযুক্ত শম্ভু বাগকে ৩০৪/১ ধারায় অভিযুক্ত করে দশ বছরের জেল,৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ছয় মাস জেলের আদেশ দেন। দেন।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264

Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# হুথিদের দমন করতে নতুন কৌশল, সেনা মোতায়েন বাড়াচ্ছে যুক্তরাষ্ট্র

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



ইয়েমেনে হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে হামলা অব্যাহত রেখেছে যুক্তরাষ্ট্র। দেশটি মধ্যপ্রাচ্যে সামরিক উপস্থিতি বাড়ানোরও পরিকল্পনা করছে। মার্কিন প্রতিরক্ষা দপ্তর (পেন্টাগন) জানিয়েছে, হুথিদের সামরিক সক্ষমতা দুর্বল করা এবং লোহিত সাগরের বাণিজ্য পথ সুরক্ষিত রাখাই এই অভিযানের মূল লক্ষ্য।

সাম্প্রতিক সপ্তাহগুলোতে, মার্কিন বাহিনী হুথি অবকাঠামো ও নেতৃত্বের ওপর প্রায় ৫০টি হামলা চালিয়েছে। এসব হামলায় ড্রোন লঞ্চ স্থাপনা, অস্ত্রভাণ্ডার এবং শীর্ষ নেতাদের বাড়ি লক্ষ্যবস্তু করা হয়েছে। কর্মকর্তারা বলছেন, এই হামলা হুথিদের জন্য বড় ধরনের ক্ষতির কারণ হয়েছে।

**বড় কৌশলগত পরিবর্তন**

ট্রাম্প প্রশাসনের নতুন কৌশল আগের চেয়ে বেশি আক্রমণাত্মক। বাইডেন প্রশাসনের সময় মূলত সামরিক স্থাপনা লক্ষ্য করে হামলা চালানো হলেও, এখন শীর্ষ হুথি নেতাদের বাড়িও টার্গেট করা হচ্ছে। পাশাপাশি, হুথিদের আবারও ‘বিদেশি সন্ত্রাসী সংগঠন’ হিসেবে চিহ্নিত করা হয়েছে, যা ইয়েমেনের অর্থনৈতিক বিচ্ছিন্নতা আরও বাড়িয়ে দেবে।

**সেনাবাহিনীর হাতে বেশি ক্ষমতা**

এবারের অভিযানে সামরিক কমান্ডারদের আরও বেশি স্বাধীনতা দেওয়া হয়েছে। বাইডেন প্রশাসনের সময় হামলার অনুমতি পেতে উচ্চপর্যায়ের অনুমোদন লাগত, যা প্রতিক্রিয়ার সময় বাড়িয়ে দিত। কিন্তু ট্রাম্প প্রশাসন সরাসরি সামরিক কমান্ডারদের সিদ্ধান্ত নেওয়ার সুযোগ দিয়েছে, যাতে দ্রুত প্রতিক্রিয়া জানানো যায়।

**ইরানকে দায়ী করছে যুক্তরাষ্ট্র**

যুক্তরাষ্ট্র ইরানকে হুথিদের মূল পৃষ্ঠপোষক হিসেবে দেখছে। মার্কিন সামরিক বিশেষজ্ঞরা বলছেন, ইরান অস্ত্র, গোয়েন্দা তথ্য এবং প্রশিক্ষণ দিয়ে হুথিদের শক্তিশালী করছে। এ কারণে ওয়াশিংটনে আগামী সপ্তাহে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের কর্মকর্তাদের মধ্যে ইরানের পরমাণু কর্মসূচি এবং মধ্যপ্রাচ্যের নিরাপত্তা নিয়ে বৈঠক অনুষ্ঠিত হবে।

মার্কিন প্রতিরক্ষা বিশ্লেষকদের মতে, দীর্ঘমেয়াদী হামলা চালালে অস্ত্র মজুতে প্রভাব পড়তে পারে। তবে মার্কিন কর্মকর্তারা বলছেন, এই অভিযানের মাধ্যমে হুথিদের সামরিক সক্ষমতা ধ্বংস করাই মূল লক্ষ্য, যা চলমান থাকবে।

(৩ পাতার পর)

## উন্নয়নের কাজে 'বাধা', তৃণমূল কাউন্সিলরকে ঘিরে বিক্ষোভ,

অধিকারী ঘটনাস্থলে পৌঁছন। তিনি কাজে বাধা দেন বলেই অভিযোগ।

স্থানীয়দের সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন। কাউন্সিলরের উপস্থিতিতে এক তৃণমূল কর্মীকে জুতো দিয়ে মারধর করা হয় বলেও অভিযোগ। স্থানীয়দের অভিযোগ, কাউন্সিলর স্বপ্না অধিকারী কাটমানি পাননি বলেই কাজ বন্ধ করতে চান। যদিও এই অভিযোগ অস্বীকার করেছেন কাউন্সিলর স্বপ্না অধিকারী। তাঁর অভিযোগ, না জানিয়ে অবৈধভাবে তাঁর ওয়ার্ডে কাজ হচ্ছে। সে কারণেই প্রতিবাদ করেন। অভিযোগ, ভুল বুঝে বেশ কয়েকজন তাঁর উপর চড়াও হয়। এই ঘটনায় কাউন্সিলর ‘ঘনিষ্ঠ’ হোসেন এবং প্রসেনজিৎ সরকার আক্রান্ত হন।

গয়েশপুর ফাঁড়ির বিশাল পুলিশবাহিনী পরিস্থিতি সামাল দেয়। যাতে আর নতুন করে কোনও অশান্তি না হয়, তাই এলাকায় অতিরিক্ত পুলিশবাহিনী মোতায়েন করা হয়েছে।

## হুইল চেয়ার ব্যবহারকারীদের জন্য বেসরকারি যানবাহন নীতি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রক থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যাচ্ছে যে ১ জানুয়ারি, ২০২০ থেকে ১৯ মার্চ, ২০২৫ পর্যন্ত মোট ৯৬,২৬৫টি যানকে ‘অভিযোজিত যান’ হিসেবে নথিভুক্ত করা হয়েছে। মন্ত্রক সূত্রে প্রাপ্ত তথ্যে দেখা যাচ্ছে, ১৯৮৮-র মোটর ভেহিকেলস আইন-এর ৫২ নং ধারা যা ১৯৮৯-এর মোটর ভেহিকেলস আইনের ৪৭এ, ৪৭বি এবং ১১২ নং ধারা হিসেবেও পড়া যেতে পারে, তাতে যাত্রী পরিবহণকারী যানবাহনে বিশেষভাবে সক্ষম মানুষদের সুবিধার্থে পরিবর্তিত ব্যবস্থা গ্রহণের সংস্থান রয়েছে।

৪০ শতাংশ বা তার বেশি বিশেষভাবে সক্ষম মানুষরা ভারী শিল্প মন্ত্রক প্রদত্ত শংসাপত্রের ভিত্তিতে তাঁদের গাড়ি কেনায় পণ্য ও পরিষেবা কর-এর ক্ষেত্রে ছাড় পান। এই শংসাপত্রের ভিত্তিতে যে গাড়িগুলি কেনা হবে, সেগুলি মোটর ভেহিকেলস আইন অনুযায়ী ‘অভিযোজিত গাড়ি’ হিসেবে নথিভুক্ত হবে।

আজ রাজ্যসভায় এক প্রশ্নের লিখিত জবাবে কেন্দ্রীয় ইস্পাত ও ভারী শিল্প প্রতিমন্ত্রী শ্রী ভূপতিরাজু শ্রীনিবাস ভার্মা এই তথ্য জানিয়েছেন।

(৩ পাতার পর)

## জনস্বাস্থ্য ব্যবস্থায় কৃত্রিম মেধার ব্যবহার নিয়ে সরকার গৃহীত ব্যবস্থাসমূহ

কৃত্রিম মেধা-ভিত্তিক।

যক্ষ্মা নির্মূল কর্মসূচিতে গোষ্ঠীভিত্তিক ফুসফুসের যক্ষ্মা নির্ণয়ে কৃত্রিম মেধা ব্যবহার করা হয়েছে। এতে করে দেখা গেছে যে ১২-১৬ শতাংশ যক্ষ্মা রোগাক্রান্তের ক্ষেত্রে প্রথামাফিক প্রক্রিয়াতে রোগ নির্ণয়ের ব্যবস্থা হলে অনেক রোগীই বাদ চলে যেতেন। এর ফলে, যক্ষ্মার কুফল বহুলাংশে দূর করা গেছে। এই ব্যবস্থার ফলে ক্ষতি ২৭ শতাংশ কমানো গেছে।

ক্ষেত্র-ভিত্তিক জনস্বাস্থ্যে কৃত্রিম মেধার এই ব্যবহার মন্ত্রক গ্রহণ করেছে।

আজ লোকসভায় এক প্রশ্নের লিখিত জবাবে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী শ্রী প্রতাপ রাও যাদব এই তথ্য জানিয়েছেন।

# সিনেমার খবর

cinema TV

## তুচ্ছ কারণে সুনীল শেট্টির মাথায় বন্দুক ধরে মার্কিন পুলিশ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




একদিকে বলিউডের ভাইজান সালমান খানকে একের পর এক প্রাণনাশের হুমকি লরেন্স বিষ্ণোই গ্যাংয়ের। সালমান তো প্রাণ বাঁচাতে কঠোর নিরাপত্তার মোড়কে নিজেকে মুড়ে নিয়েছেন। তবে জানেন কি, অনেক বছর আগে, মারাত্মক এক পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন সুনীল শেট্টি। কপালে বন্দুক ঠেকিয়ে মেরে ফেলার হুমকি দেওয়া হয়েছিল অভিনেতাকে। তাও আবার সুদূর মার্কিন যুক্তরাষ্ট্রে। ব্যাপারটা একটু খোলসা করে বলা যাক। সম্প্রতি সুনীল শেট্টি সাক্ষাৎকারে এক ভয়াবহ অভিজ্ঞতার গল্প শোনান। যেখানে প্রায় মরতে বসেছিলেন সুনীল।

এই সাক্ষাৎকারে সুনীল বলেন, সালটা ২০০১। তখন আমরা আমেরিকায় কাটে সিনেমার শুটিং করছি। হঠাৎই সেই বীভৎস কাণ্ড। ৯/১১ এ চোখের সামনে দেখলাম টুইন টাওয়ারের সেই ভয়ংকর ঘটনা। সেই সময়ই একদিন আমি রাস্তা থেকে হোটেলে ঢুকছিলাম। হঠাৎ পকেটে হাত দিয়ে দেখি, রুমের চাবি নেই। হোটেলের এক কর্মচারীকে বললাম, আমি চাবিটা হারিয়ে ফেলেছি। তুমি কী সাহায্য করতে পারবে! তিনি বলেন, ছেলেটি কিছু না বলে বাইরে ছুটে যায়। পুলিশ ডেকে আনে। পুলিশ আমার কোনও কথা না শুনেই আমার মাথায় বন্দুক ধরে। আর বলে, বসে পরো, না হলে গুলি চালিয়ে দেব! আমি কিছু না বুঝতে পেরেই মাটিতে বসে যাই। আমার এই অবস্থা দেখে অবশেষে, টিম আসে। আর পুলিশকে বোঝানো হয়। সত্যি সেই দিনটা খুব ভয় পেয়েছিলাম।

## আবারও বড়পর্দায় আসছে পরমব্রত-ইশা জুটি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



২০২৩ সালে 'ঘরে ফেরার গান' সিনেমায় প্রথমবার একসঙ্গে পরমব্রত চট্টোপাধ্যায় এবং ইশা সাহা জুটি বেঁধেছিলেন। একই বছর কৌশিক গাঙ্গুলি পরিচালিত 'অসুখ-বিসুখ' সিনেমাতেও তাদের একসঙ্গে দেখা গিয়েছিল। এবার আবারও একসঙ্গে কাজ করার সুযোগ পেয়েছেন এই জনপ্রিয় জুটি।


শৌভিক কুণ্ডু পরিচালিত তার পরবর্তী সিনেমায় পরম এবং ইশা অভিনয় করবেন এক তরুণ দম্পতির চরিত্রে। পারিবারিক গল্পে মায়ের ভূমিকায় গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করবেন লাবনী সরকার। লাবনী ছাড়াও সিনেমাটিতে অভিনয় করবেন অরিন্দম গঙ্গোপাধ্যায়, বিশ্বনাথ বসুর মতো তারকারা।সিনেমার নাম এখনও ঠিক হয়নি।

এই সিনেমাটি প্রযোজনা করবে জি এবং শুটিং শুরু হতে পারে আগামী সপ্তাহ থেকে। জানা গেছে, সিনেমাটি এই বছরের শেষে মুক্তি পাবে।

এ বিষয়ে পরমব্রত গণমাধ্যমকে বলেন, ‘ইশা খুব ভালো মেয়ে, আমার অনেক ভালো বন্ধু। এর আগে আমরা বেশ কিছু কাজ করেছি, এবং দর্শক আমাদের জুটিকে ভালোবেসেছে। বিগত কয়েক বছরে ইশা দুর্দান্ত কাজ করেছে, সে এই ইন্ডাস্ট্রির অন্যতম সেরা প্রতিভা।"

পরিচালক শৌভিক কুন্ডুর বিষয়ে পরম বলেন, ‘শৌভিকের সঙ্গে আমার বহু দিনের পরিচয়। আমার ‘হাওয়া বদল’ সিনেমায় ট্রেলার এডিটিংয়ের কাজ করেছিল সে। তার ‘সুইজারল্যান্ড’ সিনেমায় আমি একটি ক্যামিও চরিত্রে অভিনয় করেছিলাম। এখন আবার তার সঙ্গে কাজ করার সুযোগ পেয়ে খুব ভালো লাগছে।’

## তামান্নার ব্রেকআপ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

দক্ষিণ ভারতের জনপ্রিয় অভিনেত্রী তামান্না ভাটিয়া ও বলিউড অভিনেতা বিজয় ভার্মার প্রেমের গল্প যেন বাস্তব জীবনে অপ্রত্যাশিত মোড় নিল। যেখানে সবাই অপেক্ষায় ছিলেন তাদের শুভ পরিণয়ের, সেখানে আচমকাই এলো বিচ্ছেদের খবর। ভারতীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, সপ্তাহখানেক আগেই তারা আলাদা পথে হাঁটার সিদ্ধান্ত নিয়েছেন। একসময় যে ছাদের নিচে একসঙ্গে থাকার পরিকল্পনা করেছিলেন, সে সম্পর্ক এখন অতীত। শোনা গিয়েছিল, মুম্বাইতে বিলাসবহুল অ্যাপার্টমেন্ট কেনার চিন্তাভাবনাও করছিলেন তারা, যেখানে বিয়ের পর নতুন জীবন শুরু করতেন। কিন্তু ঘনিষ্ঠ সূত্র জানিয়েছেন, সে পরিকল্পনা আর বাস্তবায়িত হচ্ছে না।

অবাক করার বিষয়, প্রেম নিয়ে কখনও লুকোচুরি করেননি তামান্না ও বিজয়। বিভিন্ন অনুষ্ঠানে হাতে হাত রেখে হাজির হতেন, ক্যামেরার সামনে দাঁড়াতেন খোলা মনে। তাদের রসায়ন ছিল অনুরাগীদের কাছে মুগ্ধতার বিষয়। অনস্ক্রিনে ‘লাস্ট স্টোরি-২’ ছবিতে তাদের সম্পর্কের গভীরতা যেমন ফুটে উঠেছিল, বাস্তব জীবনেও তেমনই রঙিন ছিল তাদের প্রেমকাহিনী।

তবে হঠাৎ কী এমন ঘটল, যার ফলে তারা আলাদা হয়ে গেলেন? এ বিষয়ে কেউই মুখ খুলছেন না। বিজয়কে সম্প্রতি দেখা গেছে ‘মার্ডার মোবারক’ ছবিতে, অন্যদিকে তামান্নার শেষ সিনেমাগুলোর মধ্যে রয়েছে ‘স্ত্রী-২’ ও ‘বেদা’।

# ম্যানসিটিতে এদেরসনের বিকল্প ভাবনায় যে ছয় গোলরক্ষক

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



গত মৌসুমে ম্যানচেস্টার সিটির জার্সিতে দারুণ খেলেছেন ব্রাজিলিয়ান গোলরক্ষক এদেরসন মোরালেস। কিন্তু চলতি মৌসুমে ভুলে যাওয়ার মতো ফর্মে আছেন তিনি। গত মৌসুমেই তার সৌদি লিগে যাওয়ার কথা ছিল। বাজে মৌসুম কাটানোয় ম্যানসিটিতে তার ক্যারিয়ার একপ্রকার শেষ।

এরই মধ্যে ম্যানসিটি বোর্ড আগামী মৌসুমের জন্য গোলরক্ষক খুঁজতে মাঠে নেমেছে। ছয় গোলরক্ষককে শর্টলিস্টও করেছে তারা। বয়স, টেকনিক, ফর্ম, দাম বিবেচনা করে তাদের একজনকে গ্রীষ্মকালীন দলবদলের মৌসুমে সিটিজেন শিবিরে আনতে পারে ক্লাবটি।

তালিকায় ওপরের দিকে আছেন পর্তুগাল জাতীয় দলে নিয়মিত খেলা ২৫ বছর বয়সী পোর্তর গোলরক্ষক ডিয়াগো কস্তা। বয়স, অভিজ্ঞতা মিলিয়ে ভালো পছন্দ হতে পারেন তিনি। এদেরসনও এসেছিলেন পর্তুগিজ লিগ থেকে। ম্যানসিটির পরিকল্পনায় ভালোভাবেই আছেন ফ্রান্স ক্লাব লিলিতে খেলা ২৩ বছর বয়সী ফ্রান্স গোলরক্ষক লুকাস চেভলিয়ার।

ম্যানসিটি গোলরক্ষকের তালিকায় আছেন ইতালির লিগে খেলা দুই ইতালিয়ান। এর মধ্যে অন্যতম জুভেন্টাসে খেলা ২৭ বছর বয়সী মাইকেল ডি জের্জিও। অন্যজন আটালান্টায় খেলা ২৪ বছর বয়সী মার্কো কারনেসি। বয়স ও ফর্ম বিবেচনায় কারনেসি এগিয়ে থাকবেন।

প্রিমিয়ার লিগে খেলার অভিজ্ঞতা বিবেচনায় ব্রাইটনের বার্ট ভারব্রুগেন ম্যানসিটির পছন্দের তালিকায় ওপরের দিকে থাকতে পারেন। ব্রাইটনের ভালো ফুটবল খেলার পিছনে এই ডাচম্যানের ভূমিকা আছে। ভারব্রুগেনের বয়স মাত্র ২২ বছর। এতো কম বয়সে ম্যানসিটির প্রথম পছন্দের গোলরক্ষক হওয়ার চাপ সামলানো তার জন্য সহজ হবে না। যদিও ম্যানসিটি বর্তমানে তরুণ ফুটবলারে বেশি ঝুঁকছে। অপর গোলরক্ষক গ্রেগর কোবেল। তিনি বরুশিয়া ডর্টমুন্ডে খেলছেন। সুইস গোলরক্ষকের বয়স ২৭ বছর।

# কামাভিঙ্গায় আগ্রহী ম্যানসিটি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

রিয়াল মাদ্রিদের ফ্রেঞ্চ মিডফিল্ডার এডওয়ার্ড কামাভিঙ্গাকে দলে নিতে চায় ম্যানচেস্টার সিটি। এরই মধ্যে বাঁ-পায়ের এই ফুটবলারের বিষয়ে খোঁজ-খবর নেওয়া শুরু করেছে সিটিজেনরা। ফুটবল দলবদল বিষয়ক সাংবাদিক ফ্লোরিয়ান পিটারবার্গ এই দাবি করেছেন।

রিয়াল মাদ্রিদের সঙ্গে ২০২৯ সাল পর্যন্ত চুক্তি আছে কামাভিঙ্গার। তাকে দলে পেতে মোটা অঙ্কের অর্থ খরচ করতে হবে সিটিজেনদের। তার আগে অবশ্য লস ব্লাঙ্কোস ছাড়তে কামাভিঙ্গা সম্মত কিনা সেটা পরিষ্কার হতে হবে।

চ্যাম্পিয়ন্স লিগ থেকে বিদায় নিয়েছে ম্যানচেস্টার সিটি। প্রিমিয়ার লিগের শিরোপা লড়াই থেকেও ছিটকে গেছে। সেরা চারে মৌসুম শেষ করতে পারাই এখন পেপ গার্দিওলার প্রধান চ্যালেঞ্জ। এরই মধ্যে গার্দিওলা নতুন মৌসুম নিয়ে ভাবনা-চিন্তা শুরু করে দিয়েছেন। তারই অংশ হিসেবে জানুয়ারির শীতকালীন দলবদলের বাজারে রেকর্ড অর্থ খরচ করে পাঁচ ফুটবলার ভিড়িয়েছে ম্যানসিটি বোর্ড। গ্রীষ্মকালীন দলবদলের বাজারে মিডফিল্ড ছাড়াও গোলরক্ষক এদেরসনের বিকল্প খুঁজছে ম্যানসিটি। বেশ ক'জন গোলরক্ষক এরই মধ্যে সিটিজেন কোচ পেপ গার্দিওলার শর্টলিস্টে আছেন।

# 'ভ্রাতৃত্বের গল্প দিলেও ভিনি-এমবাপ্পের সম্পর্ক অত ভালো নয়'

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**




মৌসুমের শুরুতে দারুণ ছন্দে ছিলেন ভিনিসিয়াস জুনিয়র। তখন ভক্তরা বিরক্ত ছিল কিলিয়ান এমবাপ্পের ওপর। এখন আবার ছন্দে আছেন এমবাপ্পে। আলোও বেশি তার ওপর। এসব কারণে এমবাপ্পে-ভিনিসিয়াস-রদ্রিগো ও জুড বেলিংহামকে নিয়ে রিয়াল মাদ্রিদের আক্রমণভাগ দুর্দান্ত হলেও ভিনি-এমবাপ্পের সম্পর্ক অত ভালো নয়।

সংবাদ মাধ্যম কাদেনা ছের এমনই দাবি করেছে। সংবাদ মাধ্যমের মতে, ভিনি ও এমবাপ্পের সম্পর্ক বেশ ভালো বলে প্রচার করা হয়। কিন্তু তাদের সম্পর্ক আসলে অত ভালো নয়। ভ্রাতৃত্বপূর্ণ তো নয়ই। ওই তুলনায় এমবাপ্পের সঙ্গে রদ্রিগো ও বেলিংহামের সম্পর্ক ভালো।

কাদেনা ছের-এর প্রতিবেদনে বলা হয়েছে, 'রিয়াল ভ্রাতৃত্বের গল্প বানিয়ে ভক্তদের খাওয়াতে চায়। আসলে তেমন ভ্রাতৃত্ব তাদের (ভিনি-এমবাপ্পে) মধ্যে নেই। তাদের সম্পর্ক যেমনটা দেখানো হয় অত ভালো নয়। আবার এত খারাপ নয় যে, একে অপরকে দেখতেই পারে না।'

প্রতিবেদনে আরও বলা হয়েছে, 'বেলিংহাম ও রদ্রিগোর সঙ্গে এমবাপ্পের সম্পর্ক খুব ভালো, ওই হিসেবে ভিনির সঙ্গে এমবাপ্পের সম্পর্ক কেবলই ভালো। তারা ভাইয়ের মতো নয়। তারা একে অপরকে ঘৃণা হয়তো করে না, কিন্তু সম্পর্ক আদর্শও নয়।'

গত মৌসুমে রিয়াল মাদ্রিদের মূল তারকা ছিলেন ভিনিসিয়াস। দারুণ মৌসুম কাটিয়ে ব্যালন ডি'অরের দাবিদার হয়ে উঠেছিলেন তিনি। কিন্তু এবার মোহামেদ সালাহ ও রাফিনিয়ার সঙ্গে ব্যালন ডি'অর দৌড়ে সমানে পাল্লা দিচ্ছেন কিলিয়ান এমবাপ্পে। তিনিই যে এখন লস ব্লাঙ্কোসদের মূল তারকা তা বলার অপেক্ষা রাখে না। কিছুদিন আগে ভিনির রিয়াল মাদ্রিদ ছাড়ার গুঞ্জনও উঠেছিল।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR